

Phone call between Prime Minister Shri Narendra Modi and H.E. Ursula von der Leyen, President of the European Commission

May 03, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং ইউরোপীয়ান কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন ডার লেয়েনের মধ্যে টেলিফোনে কথা

মে 03, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ইউরোপীয়ান কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন ডার লেয়েনের সঙ্গে টেলিফোনে কথা বললেন।

দুই নেতার মধ্যে কোভিড-১৯এর দ্বিতীয় ঢেউয়ের মোকাবিলায় ভারতের চলতি প্রয়াস সহ ভারত এবং ইউরোপীয় ইউনিয়নের কোভিড পরিস্থিতি নিয়ে মতবিনিময় হল। প্রধানমন্ত্রী মোদী কোভিড-১৯এর দ্বিতীয় ঢেউয়ের বিরুদ্ধে ভারতের লড়াইয়ে দ্রুত সাহায্যের জন্য ইউরোপীয় ইউনিয়ন এবং এর সদস্য দেশগুলির প্রশংসা করলেন।

তারা বলেন, জুলাইয়ে সর্বশেষ শিখর সম্মেলন থেকে ভারত-ইউরোপীয় ইউনিয়ন রণকৌশলগত অংশীদারিত্ব নতুন গতির সাক্ষী থাকছে। নেতারা সহমত হন যে আগামী ৮ মে ২০২১এ ভার্সুয়াল ফরম্যাটে আসন্ন ভারত-ইউরোপীয় ইউনিয়ন নেতাদের বৈঠক একটি গুরুত্বপূর্ণ সুযোগ ভারত ইউরোপীয় ইউনিয়নের মধ্যে ইতিমধ্যেই স্থাপিত বহুমুখী সম্পর্কে আরও গতি যোগাবে।

ভারত-ইউরোপীয়ান নেতাদের এই বৈঠক ইইউ+২৭ ফরম্যাটে প্রথম বৈঠক এবং এতে প্রতিফলিত হচ্ছে ভারত ইইউ রণকৌশলগত অংশীদারিত্বকে আরও জোরদার করার জন্য দুই পক্ষেরই উচ্চাশা।

নিউ দিল্লি

মে 03, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

